দৈনিক ইনকিলাব

তারিখ 21 OCT 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

৭

## ক্যাডেট কলেজ প্রসঙ্গে

গত ৮-৮-৯৩ তারিখের দৈনিক ইনকিলাবে প্রকাশিত একটি বক্তব্যের প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। ঐ বক্তব্যে ক্যাডেট কলেজের রেজাল্ট ও পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা গ্রহণ সম্পর্কে যে বক্তব্য দেয়া হয়েছে, আমি তার তীব্র প্রতিবাদ করছি।

প্রকৃতপক্ষে ক্যাডেট কলেজে অন্য ক্যাডেট কলেজ ও বাইরের পরিদর্শক ছাড়া কোন পাবলিক এক্সামিনেশন হয় না এবং নির্দিষ্ট সময়েই খাতা জমা নেয়া হয়। এ ব্যাপারে কারো কোন অভিযোগ থাকলে, সচক্ষে এসে পরীক্ষার হল দেখে যেতে পারেন অথবা নিয়মতান্ত্রিক উপায়ে এর প্রতিকার বা তদন্ত চাইতে পারেন। কিন্তু এভাবে অপবাদ দিয়ে ক্যাডেট কলেজের ছাত্র ও শিক্ষকদের সামাজিকভাবে হেয় করার চেষ্টা করা অত্যন্ত দুঃখজনক।

—মোঃ টিপু সুলতান,
ক্যাডেট নং- ৬৬৭,
সিলেট ক্যাডেট কলেজ।

## শাহানা আলী আটপাড়া প্রাথমিক বিদ্যালয়

নেত্রকোণা জেলার আটপাড়া গ্রামে দীর্ঘদিন যাবত কোন প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত না হওয়ায় এলাকায় শিক্ষা বিস্তারে মারাত্মক অসুবিধা হচ্ছে। অসুবিধার কথা চিন্তা করে আটপাড়া কলেজের প্রতিষ্ঠাতা আবদুল আলী উক্ত গ্রামে "শাহানা আলী আটপাড়া প্রাথমিক বিদ্যালয়" নামে একটি একটি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নিয়েছেন।

বিদ্যালয়টির জন্য জায়গা বরাদ্দ করাসহ সকল আনুষ্ঠানিকতা সুসম্পন্ন করেছেন। গত মার্চ মাসে বিদ্যালয়টির নিবন্ধন করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক মহোদয়ের কাছে আবেদন জানানো হয়েছে। বিদ্যালয়টির নিবন্ধন, অনুমোদন ও অনুদানের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

—আতিকুল ইসলাম,
৫৬, প্রগতি স্মরণী,
বারিধারা, ঢাকা।